

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১১৯/২০১৬

অভিযোগকারী : জনাব অজয় সেন  
পিতা:-মৃত রবীন্দ্র নাথ সেন  
গ্রাম+ডাকঘর ও ইউনিয়ন-ঘুড়কা  
উপজেলা-রায়গঞ্জ, জেলা-সিরাজগঞ্জ।

প্রতিপক্ষ : জনাব ইয়াকুব আলী  
সচিব  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
৪ নং ঘুড়কা ইউনিয়ন পরিষদ  
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

### সিদ্ধান্তপত্র

(তারিখ : ১৯-০৬-২০১৬ ইং)

অভিযোগকারী ২৮-০১-২০১৬ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব ইয়াকুব আলী, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৪ নং ঘুড়কা ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ক) জুলাই/২০১৫ সাল হতে ডিসেম্বর/২০১৫ সাল পর্যন্ত উপজেলা কার্যালয় হতে অত্র ইউনিয়নে স্থাবর সম্পত্তির ১% এ কত টাকা বরাদ্দ হয়েছে।
- খ) বরাদ্দকৃত টাকা কি কি উন্নয়ন কাজে ব্যয় করা হয়েছে। তার মাস্টাররোল/ভাউচারের কপি।
- গ) ১% এর টাকা উন্নয়ন কাজে ব্যয় করার নীতিমালা/পরিপত্র।
- ঘ) ১% এর টাকা ব্যয়ের রেজুলেশন এর কপি।
- ২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১০-০৩-২০১৬ তারিখে চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ৪ নং ঘুড়কা ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ০৩-০৫-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
- ৩। ২৫-০৫-২০১৬ তারিখের সভায় অভিযোগটি শুনানীর জন্য গ্রহণ করে ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়। অদ্য ১৯-০৬--২০১৬ তারিখ শুনানীতে অভিযোগকারী এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির।
- ৪। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও অদ্যাবধি কোন প্রতিকার না পেয়ে সংক্ষুর হয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।
- ৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদনের পরিপ্রেক্ষিতে অভিযোগকারীকে চাহিত তথ্যাদি সরবরাহ করার জন্য প্রস্তুত করা হয়েছে। তথ্য অধিকার আইন সঠিকভাবে না বোঝার কারণে তথ্য প্রদানে অনাকাঙ্খিত বিলম্বের জন্য তিনি কমিশনের নিকট লিখিতভাবে ক্ষমা প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে তিনি কমিশনের নিকট আবেদন করেন।

## পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে চাহিত তথ্যাদি সরবরাহ করার জন্য প্রস্তুত করায় এবং অনাকাঞ্জিত বিলম্বের জন্য ক্ষমা প্রার্থনা করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির পরবর্তী ০৭ কার্যদিবসের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব ইয়াকুব আলী, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ৪ নং ঘূড়কা ইউনিয়ন পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ কে নির্দেশনা দেয়া হলো এবং তথ্যের মূল্য নির্ধারণ করে অভিযোগকারীকে মূল্য পরিশোধের জন্য ৫ কার্যদিবস সময় দিয়ে পত্র দেওয়ার জন্যও নির্দেশনা দেওয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)  
প্রধান তথ্য কমিশনার